

কৃষিই সমৃদ্ধি



বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট
(বিএসআরআই)

ঈশ্বরদী-৬৬২০, পাবনা।

কীটতত্ত্ব বিভাগ

ঈশ্বরদী-৬৬২০

স্মারক নম্বর: ১২.২৫.০০০০.০১৩.২৫.০০১.১৯.২৭

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৭

১৭ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: ভ্রমণ প্রতিবেদন

ভ্রমণকারীর নামঃ ড. মোঃ আতাউর রহমান

পদবীঃ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা

তারিখঃ ০৩/০২/২০২১ খ্রি. - ০৪/০২/২০২১ খ্রি. পর্যন্ত।

স্থানঃ বিএআরসি, ঢাকা

উদ্দেশ্যঃ ১। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকীতে 'মুজিব শতবর্ষ' উপলক্ষে **Altas of 100 technologies of NARS** এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে অংশগ্রহণ করা।

২। বিবিধ

পর্যবেক্ষণ ও সংক্ষিপ্ত বিবরণীঃ

০৩/০২/২০২১ খ্রি. তারিখ দুপুর ২.০ টায় বিএসআরআই ক্যাম্পাস ত্যাগ করি এবং অফিসিয়াল গাড়ীযোগে রওয়ানা হয়ে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট অতিথি ভবনে ৮.৪৫ টায় গিয়ে রাত্রি যাপন করি। ০৪/০২/২০২১ খ্রি. তারিখ সকাল ১০.০টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ঢাকায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক প্রকাশিত '১০০ কৃষি প্রযুক্তি এটলাস' এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে অংশগ্রহণ করি। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি, মাননীয় কৃষি মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়। স্বাগত বক্তব্য রাখেন জনাব মোঃ মেজবাহুল ইসলাম, সচিব, কৃষি মন্ত্রণালয়। এনএআরএস প্রতিষ্ঠানের পক্ষে বক্তব্য রাখেন ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, বিবাহী চেয়ারম্যান, বিএআরসি। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মতিয়া চৌধুরী এমপি, সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, জনাব শ ম রেজাউল করিম এমপি, মাননীয় মন্ত্রী, মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন শেখ হাসিনা, মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। প্রধানমন্ত্রী শেখ হাসিনা খাদ্য উৎপাদন বাড়াতে অঞ্চলভিত্তিক কৃষি সম্ভাবনা ধরে গবেষণার ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেছেন, গবেষণা ছাড়া কোনো উপায় নেই। গবেষণাকে আরও বেশি গুরুত্ব দিতে হবে। জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে গতকাল সকালে কৃষিক্ষেত্রে টেকসই উন্নয়ন এবং সমৃদ্ধি অর্জনে প্রকাশিত '১০০ কৃষি প্রযুক্তি এটলাস' এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ কথা বলেন। দেশের কৃষিবিজ্ঞানীদের উদ্ভাবিত ধান, পাট, ইক্ষু, চা, রেশম, তুলা, বনজ সম্পদ এবং মৎস্য সম্পদের থেকে নির্বাচিত ১০০টি প্রযুক্তি এটলাসে যুক্ত করা হয়েছে। তিনি গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে কৃষি মন্ত্রণালয় আয়োজিত মূল অনুষ্ঠানে সংযুক্ত হন। মোড়ক উন্মোচন অনুষ্ঠানটি বেলা ১২.৩০টায় শেষ হয়। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র থেকে বিএআরসিতে গিয়ে অফিসিয়াল কর্ম সেরে বিকেল ৩.৩০টায় বিএআরসি থেকে রওয়ানা হয়ে বিএসআরআই ক্যাম্পাসে পৌঁছি রাত্রি ১০.৩৫ টায়।

বিষয়টি মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতি এবং অনুমোদনের জন্য পেশ করা হলো।



১৭-২-২০২১

ড. মো. আমজাদ হোসেন

মহাপরিচালক

ফোন: ০৭৩২৬৬৩৬২৮

ফ্যাক্স: ০৭৩২৬৬৩৮৮৮

ইমেইল: bsri@bsri.gov.bd

ড. মো. আতাউর রহমান, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা,
কীটতত্ত্ব বিভাগ, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা
ইনস্টিটিউট (বিএসআরআই)



১৭-২-২০২১

ড. সমজিৎ কুমার পাল

পরিচালক (গবেষণা) (চলতি দায়িত্ব)